'ডিজিটাল বাংলাদেশ মেলা-২০২৩' এর সম্মাননা ও পুরস্কার ব্যবস্থাপনা উপ-কমিটির ৬ষ্ঠ সভার কার্যবিবরণী

সভাপতি	: জনাব মো: আজম আলী, ব্যবস্থাপনা পরিচালক, বিএসসিসিএল।
তারিখ ও সময়	: ০৫/০১/২০২৩ খ্রি. বেলা ১০:৩০ ঘটিকা।
স্থান	: সভাকক্ষ, বিএসসিসিএল, ঢাকা।
সভার উপস্থিতি	: পরিশিষ্ট 'ক'

সভাপতি সভার শুরুতে সম্মাননা ও পুরস্কার ব্যবস্থাপনা উপ-কমিটির সকলকে শুভেচ্ছা জানিয়ে সভার কাজ শুরু করেন। সভায় গত ০৩/০১/২০২৩ খ্রি. তারিখে ডাক ও টেলিযোগাযোগ বিভাগে আয়োজিত মতবিনিময় সভার আলোকে আলোচনা অনুষ্ঠিত হয় এবং উপ-কমিটির কার্যক্রমের বাস্তবায়ন অগ্রগতি বিষয়ে আলোচনা করা হয়। অত:পর সভাপতি উপ-কমিটির সদস্য সচিব জনাব মির্জা কামাল আহম্মদ, মহাব্যবস্থাপক (প্রশাসন ও অর্থ), বিএসসিসিএল কে বিস্তারিতভাবে কমিটির কার্যক্রমের বাস্তবায়ন অগ্রগতি উপস্থাপন করতে অনুরোধ করেন। উপ-কমিটির সদস্য সচিব কর্তৃক সম্মাননা ও পুরস্কার ব্যবস্থাপনা কমিটির কার্যপরিধি সভায় উপস্থাপন করা হয়। অত:পর সভায় নিম্নলিখিত বিষয়ে আলোচনা ও সিদ্ধান্ত গৃহিত হয়।

<u>আলোচনা:</u>

১। উপ-কমিটির সদস্য সচিব সভায় জানান যে, সম্মাননা ও পুরস্কার ব্যবস্থাপনা উপ-কমিটির কার্যপরিধির মধ্যে (ক) ইন্টারনেটভিত্তিক দেশি সফল ব্যবসায়ীদের ১০ জনকে নির্বাচন ও তাঁদের আমন্ত্রণ এবং সম্মাননা জানানোর কার্যক্রম গ্রহণ; (খ) অনলাইন রচনা প্রতিযোগিতায় বিজয়ীদের মধ্যে পুরস্কার বিতরণ; (গ) পুরস্কার সংগ্রহ ও বিতরণ; (ঘ) প্রয়োজন অনুযায়ী অন্যান্য দায়িত্ব পালন করার বিষয়ে উল্লেখ রয়েছে।

২। ডাক ও টেলিযোগাযোগ বিভাগে আয়োজিত গত ১৬/১০/২০২২ খ্রি. তারিখে অনুষ্ঠিত মূল কমিটির সভায় সম্মাননা ও পুরস্কার প্রদানের জন্য নির্দেশনা সভায় অবহিত করা হয় এবং গত ২৬/১০/২০২২ খ্রি. তারিখে অনুষ্ঠিত উপ-কমিটির ৫ম সভায় গৃহিত সিদ্ধান্তসমূহ ও সিদ্ধান্ত বাস্তবায়ন অগ্রগতি সম্পর্কে অবহিত করা হয়।

৩। অনলাইন রচনা ও চিত্রাংকন প্রতিযোগিতা উপকমিটি কর্তৃক প্রেরিত ৩টি গ্রুপে অনলাইন রচনা প্রতিযোগিতা ও ১টি গ্রুপে চিত্রাংকন প্রতিযোগিতা আয়োজনের বিষয়ে আলোচনা করা হয়। সভায় অবহিত করা হয় যে, অনলাইন রচনা প্রতিযোগিতার উপকমিটি কর্তৃক রচনা প্রতিযোগিতার জন্য ২টি গ্রুপের পরিবর্তে ৩টি গ্রুপে মোট ৯টি ল্যাপটপ চাহিদা প্রদান করা হয়েছে। ফলে সম্মাননা ও পুরস্কার ব্যবস্থাপনা উপ-কমিটি কর্তৃক চাহিত বাজেট পুনর্নির্ধারণ করে সম্ভাব্য ১৫.৬০ লক্ষ টাকা নির্ধারণ করে সংশ্লিষ্ট অর্থ কমিটির নিকট প্রেরণ করা হয়েছে মর্মে জানানো হয়।

৪। সম্মাননা ও পুরস্কার প্রদানের লক্ষ্যে মনোনয়ন আহবানের জন্য ইতোমধ্যে ১৪টি ক্ষেত্রে ডিজিটাল বাংলাদেশ মেলা-২০২৩ এর ওয়েবসাইটে গুগল ফর্ম আপলোড করা হয়েছে এবং ডাক ও টেলিযোগাযোগ বিভাগ/আওতাধীন দপ্তর/সংস্থায় পত্র প্রেরণ করে স্ব স্ব ওয়েবসাইটে এসংক্রান্ত বিজ্ঞপ্তিটি প্রচারের ব্যবস্থা গ্রহণ করা হয়েছে মর্মে সভায় জানানো হয়। গুগল ফর্মে আবেদন গ্রহণের সর্বশেষ তারিখ ০৮/০১/২০২৩ খ্রি.। কিন্তু আলোচনা করা হয় যে, তা ১৩/০১/২০২৩ খ্রি. তারিখ পর্যন্ত বর্ধিতকরণের প্রয়োজন রয়েছে।

৫। পুরস্কার ক্রয়ের ব্যাপারে আলোচনা করা হয় যে, অনলাইন রচনা প্রতিযোগিতার জন্য ৯টি ল্যাপটপ টেশিস হতে সরাসরি ক্রয় পদ্ধতিতে এবং চিত্রাংকন প্রতিযোগিতার জন্য ট্যাব বাজার হতে ক্রয় করা হবে।

৬। সভায় সম্মাননা প্রদানের নিমিত্ত সার্টিফিকেট তৈরির জন্য সার্টিফিকেটের খসড়া ডিজাইন, মাননীয় মন্ত্রী ও সচিব মহোদয়ের স্বাক্ষরসহ মুদ্রণ এবং নমুনা প্রস্তুতের জন্য উপকমিটির সদস্য সচিবকে দায়িত্ব প্রদানের বিষয়ে আলোচনা করা হয়।

৭। মেলায় ক্রেস্ট প্রদানের জন্য ক্রেস্টের ডিজাইন ও সংখ্যা চূড়ান্তকরণের লক্ষ্যে জনাব মোঃ ইমদাদুল হক, সভাপতি, ইন্টারনেট সার্ভিস প্রোভাইডার এসোসিয়েশন অব বাংলাদেশ (আইএসপিএবি) কে অনুরোধ করা হয়।

৮। সভায় আলোচনা করা হয় যে, ১৪টি ক্ষেত্রে ২২টি ব্যক্তি/প্রতিষ্ঠানকে সম্মাননা প্রদানের জন্য ২২টি ক্রেস্ট এর প্রয়োজন হবে এবং সেমিনারে সেমিনার উপ-কমিটির চাহিদা অনুযায়ী ৮০টি ক্রেস্টের প্রয়োজন হবে। সর্বসাকুল্যে ২২০টি ক্রেস্টের প্রয়োজন হতে পারে। সভায় আলোচনা করা হয় যে, সার্টিফিকেট এবং ক্রেস্টে ডাক ও টেলিযোগাযোগ বিভাগ পদক নাম হিসেবে উল্লেখ থাকবে।

৯। পুরস্কার ও সম্মাননা প্রদানের জন্য মনোনয়ন প্রাপ্তির পর তার মূল্যায়ন ও জুরি বোর্ড কর্তৃক চূড়ান্তকরণের লক্ষ্যে সর্বশেষ সময়সীমা আগামী ১৯/০১/২০২৩ খ্রি. তারিখ হতে পারে বলে সভায় আলোচনা করা হয়।

সিদ্ধান্তসমূহ:

১। ১৪টি ক্ষেত্রে ২২টি ব্যক্তি/প্রতিষ্ঠানকে একটি সার্টিফিকেট ও একটি ক্রেস্ট প্রদান করা হবে যা নির্দিষ্ট সময়ের মধ্যে প্রস্তুত করা হবে

২। সভায় সম্মাননা প্রদানের জন্য মনোনয়ন আহবানের সর্বশেষ সময়সীমা আগামী ০৮/০১/২০২৩ হতে ১৩/০১/২০২৩ খ্রি. তারিখ পর্যন্ত বর্ধিতকরণের সিদ্ধান্ত গৃহিত হয়।

৩। অনলাইন রচনা প্রতিযোগিতার জন্য ৯টি ল্যাপটপ টেশিস হতে সরাসরি ক্রয় পদ্ধতিতে এবং চিত্রাংকন প্রতিযোগিতার জন্য ট্যাব বাজার হতে ক্রয় করার সিদ্ধান্ত গৃহিত হয়।

৪। সভার কার্যবিবরণী প্রস্তুত করে তা অগ্রগতি প্রতিবেদন আকারে ডাক ও টেলিযোগাযোগ বিভাগে পত্রের মাধ্যমে অবহিত করার সিদ্ধান্ত গৃহিত হয়।

সভায় আর কোন আলোচ্য বিষয় না থাকায় সভাপতি সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

০৬/০৩/২০২৩

(মো: আজম আলী)
ব্যবস্থাপনা পরিচালক, বিএসসিসিএল
ও সভাপতি, 'ডিজিটাল বাংলাদেশ মেলা-২০২৩' এর
সম্মাননা ও পুরস্কার ব্যবস্থাপনা উপ-কমিটি।

বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

১। উপ-সচিব (প্রশাসন-২), ডাক ও টেলিযোগাযোগ বিভাগ।
২। জনাব মির্জা কামাল আহম্মদ, মহাব্যবস্থাপক (প্রশাসন ও অর্থ), বিএসসিসিএল।
৩। জনাব মোঃ আনোয়ার হোসেন, মহাব্যবস্থাপক, টেলিটক বাংলাদেশ লিমিটেড।
৪। জনাব মোঃ রুহুল কুদ্দুস, উপ-পরিচালক, টেলিযোগাযোগ অধিদপ্তর।
৫। জনাব সৈয়দ আব্দুল আজিজ, উপ-মহাব্যবস্থাপক, বাংলাদেশ টেলিকমিউনিকেশন্স কোম্পানি লিমিটেড।
৬। জনাব মোঃ ইমদাদুল হক, সভাপতি, ইন্টারনেট সার্ভিস প্রোভাইডার এসোসিয়েশন অব বাংলাদেশ (আইএসপিএবি)।
৭। জনাব সাইফুল ইসলাম সিদ্দিক, সিনিয়র সহ-সভাপতি, ইন্টারনেট সার্ভিস প্রোভাইডার এসোসিয়েশন অব বাংলাদেশ (আইএসপিএবি)।
৮। জনাব মোঃ আনোয়ারুল আজিম, সহ-সভাপতি, ইন্টারনেট সার্ভিস প্রোভাইডার এসোসিয়েশন অব বাংলাদেশ (আইএসপিএবি)।
৯। জনাব নাজমুল করিম ভূঁঞা, সাধারণ সম্পাদক, ইন্টারনেট সার্ভিস প্রোভাইডার এসোসিয়েশন অব বাংলাদেশ (আইএসপিএবি)।
১০। জনাব আসাদুজ্জামান সুজন, কোষাধ্যক্ষ, ইন্টারনেট সার্ভিস প্রোভাইডার এসোসিয়েশন অব বাংলাদেশ (আইএসপিএবি)।
১১। মেজর (অব:) মাহমুদ শাহেদ, নির্বাহী পরিচালক, ইন্টারনেট সার্ভিস প্রোভাইডার এসোসিয়েশন অব বাংলাদেশ (আইএসপিএবি)।
১২। জনাব সাকিফ আহমেদ, পরিচালক, ইন্টারনেট সার্ভিস প্রোভাইডার এসোসিয়েশন অব বাংলাদেশ (আইএসপিএবি)।

Connecting the world